



শ্যাম সুন্দর সিকদার

সচিব

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ

ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

ফোন: +৮৮ ০২ ৮১৮১৫৪৭

ফ্যাক্স: +৮৮ ০২ ৮১৮১৫৬৫

ই-মেইল: sssikder@ictd.gov.bd

তারিখ : ২২/০৮/২০১৬ খ্রি:

CA
ব্যক্তিগত শিক্ষা
২৪/০৮/১৬

উপানুষ্ঠানিক পত্র নং- ৫৬.০০.০০০০.০০২.৯৯.০০৬.১৬-২৮৫ (৭২)

শ্রীঃ সহকারী

আমার সশ্রদ্ধ সালাম নিবেন। আপনি নিশ্চয়ই অবগত আছেন যে, ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণের লক্ষ্যে “রূপকল্প ২০২১” বাস্তবায়নে বর্তমান সরকার অঙ্গীকারবদ্ধ। ২০২১ সালের মধ্যে ডিজিটাল বাংলাদেশ গড়ে তোলার লক্ষ্যে সরকার ইতোমধ্যে প্রশাসনিক, শিক্ষা বিষয়ক ও যাবতীয় সরকারি গ্রন্থশালা হতে বই ও নথিসমূহ স্ক্যান করে ডিজিটলাইজ করার প্রক্রিয়া শুরু করেছে। সকল ক্ষেত্রে তথ্য প্রযুক্তির সর্বোত্তম ব্যবহারের মাধ্যমে শতাব্দী প্রাচীন সনাতনী ধারার তথ্য ও সেবা প্রদান পদ্ধতি থেকে ডিজিটাল পদ্ধতিতে রূপান্তরের লক্ষ্যে আইসিটি বিভাগও কাজ করে যাচ্ছে। আপনি জেনে খুশি হবেন যে, বাংলা ভাষা ভিত্তিক সফটওয়্যার উন্নয়নের মাধ্যমে প্রাচীন ও বর্তমান নথিসমূহ ডিজিটাল পদ্ধতিতে সংরক্ষণের লক্ষ্যে আইসিটি বিভাগের উদ্যোগে গৃহীত একটি কর্মসূচি এর মাধ্যমে বাংলা ওসিআর (Optical Character Recognition) সফটওয়্যার সংগ্রহ করা হয়েছে।

০২। বাংলায় স্ক্যানকৃত ইমেজ হতে সরাসরি টেক্সট-ভার্সনে রূপান্তর করতে বাংলা ওসিআর গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে। এই ওসিআর ইমেজ ফাইল হতে মেশিন এনকোডেট টেক্সটে রূপান্তর করতে সক্ষম। এর মাধ্যমে গুরুত্বপূর্ণ ইমেজ অথবা পিডিএফ ফরমেটের ডকুমেন্ট এডিটিং করা যায়। যেকোন প্রাচীন নথি যতদিন যায়, ততো তাদের স্পষ্টতা হারায়। এরূপ অমূল্য নথির লেখা কাগজপত্র ক্রমশঃ ঝাপসা হয়ে যায় কিংবা নষ্ট হয়ে যায়, যা ওসিআর এর মাধ্যমে স্ক্যান করে টেক্সটে ট্রান্সফার করা যায়।

০৩। ডিজিটাল অগ্রযাত্রার পথকে আরো সুগম করতে আপনার মন্ত্রণালয়/বিভাগ/দপ্তরে রক্ষিত ডকুমেন্ট, নথি, বই ও অন্যান্য দালিলিক কাগজপত্রসমূহকে স্ক্যান করে ডিজিটলাইজ করার লক্ষ্যে আইসিটি বিভাগ কর্তৃক ক্রয়কৃত এ বাংলা ওসিআর-টির upgrade version এর সিডি সহ update user manual প্রেরণ করা হলো। উল্লেখ্য, ইতোমধ্যেই upgrade version এর ওসিআরটি বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল এর ওয়েবসাইটে আপলোড করা আছে।

০৪। এমতাবস্থায়, আপনার মন্ত্রণালয়/বিভাগ/দপ্তরে সরবরাহকৃত এ বাংলা ওসিআর সফটওয়্যারটির যথাযথ ব্যবহার নিশ্চিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করছি।

শ্রীঃ সিকদার

একান্তভাবে আপনার

(শ্যাম সুন্দর সিকদার)

জনাব মোঃ জয়নাল আবেদীন

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট।
(আইসিটি শাখা)
www.sylhet.gov.bd

স্মারক নং- ০৫.৪৬.৯১০০.০২৪.৩০.০০১.১১. ২৯ ২

তারিখ : ১২ আশ্বিন ১৪২৩
২৭ সেপ্টেম্বর ২০১৬

অনুলিপি: সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

১। উপজেলা নির্বাহী অফিসার, (সকল), সিলেট।

২। রেভিনিউ ডেপুটি কালেক্টর/নেজারত ডেপুটি কালেক্টর/সহকারী কমিশনার, শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট।

৩।
(আতাউল গনি ওসমানী)

সহকারী কমিশনার

আইসিটি শাখা

ফোন: ০১১-০০১